গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

সভায় উপস্থিত সদস্য বৃন্দ ঃ পরিশিষ্ট- 'ক'

| ক্র: নং | নাম | পদবী ও ঠিকানা | স্থায়ী কমিটির পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | এন, এম ইশফাকুল কবীর | প্রশাসক উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সভাপতি | ০১৩০৫-৪৫৭১৭৮ | |
| ০২ | মো: হিটলার হক | চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য | ০১৭৩১-৯৭৮৪২৮ | |
| ০৩ | মো: সহিদ হোসেন | চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৩-৭২৪৯০৯ | |
| ০৪ | মো: জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | সদস্য | ০১৭১৬৫০০১২৩ | |
| ০৫ | মো: রাকিব হোসেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। | সদস্য সচিব | ০১৯৯-৫৮৪৩০৬০ | |

CamScanner

## উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : এন, এম ইশফাকুল কবীর, প্রশাসক (অ:দা:), উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ হলরুম, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ : ২৯.০১.২০২৫ খ্রি:
সময় : সকাল ১১.৩০ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় আসন গ্রহণ করার পর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয় । অত:পর সভায় নিম্নরূপ আলোচ্যসুচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | কৃষি বিষয়ক আলোচনা:<br>১ নং ভোমরাদহ ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, শীতকালে আমাদের দেশে প্রধানত আলু, সীম, টমেটো, বরবটি, বেগুন, মূলা, বাঁধাকপি, ফুলকপি, গাজর, শসা, লালশাক, মরিচ এসব সবজি বেশি চাষ হয়ে থাকে। সবজি চাষে প্রতিদিইন যার বিশেষ যত্ন ও পরিচর্যা করতে হয়। তা না হলে সবজি উৎপাদন আশানুরুপ হয় না। সবজি চাষের ক্ষেত্রে বিশেষ যেসব পরিচর্যা করতে হয় তা হলো নিয়মিত প্রয়োজন অনুসারে পানি সেচ দেওয়া নিড়ানী দেওয়া, মালচিং করা বা জাবড়া দেয়া, আগাছা দমন, পার্শ্ব শাখা ও পাতা অপসারণ করা, গোড়ার মাটি তোলা, সার প্রয়োগ,বাউনি দেয়া, পরাগায়ন করা এবং রোগ ও পোকামাকড় দমন করা। আগাছা দমন: সবজি ফসলে আগাছা দমন করে রাখতে হয়। কারণ আগাছা সবজি ফসলের সাথে পানি, আলো ও খাদ্য উপাদান নিয়ে প্রতিযোগিতা করে থাকে। তাছাড়া আগাছা রোগ ও পোকামাকড়ের আবসস্থল। এতে ভাল ফলন পাওয়া যায় না। কোন ভাবেই সবজি ক্ষেতে আগাছা জন্মাতে দেয়া যাবে না। আগাছ দমনের জন্য আচড়া বিদা,খন্তা নিড়ানি ব্যবহার করা যেতে পারে। এই শীতকালিন সবজিগুলো সঠিক ভাবে উৎপাদন করে কৃষক যেন বাজারজাত করে লাভবান হতে পারেন সে বিষয়ে মাঠ পর্যায়ে কৃষকদের কৃষি অফিসের সাথে আলোচনা করা প্রয়োজন।<br>সভার সভাপতি জনাব এন, এম ইশফাকুল কবীর কৃষি অফিসের সাথে যোগাযোগ করে মাঠে শীতকালিন উৎপাদিত সকল কৃষি পণ্যর খোজ খবর নেওয়ার জন্য কৃষকদের সঠিক পরামর্শ প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা কৃষি অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০২ | গরুর খামার বিষয়ক আলোচনা: সভার শুরুতে ০৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, এলাকায় বেকার যুবকের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। বেকারদের বিভিন্ন ভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা যেতে পারে। এর মধ্যে অন্যতম একটি বিষয় হচ্ছে গরুর খামার করা।<br>আমাদের দেশী জাতের গরুগুলোর উৎপাদন ক্ষমতা কম এবং প্রতিদিন প্রায় ২ থেকে ৫ লিটার দুধ দেয় । আপনি যদি নতুন জাতের গরু পালন করতে পারেন, সেগুলো প্রতিদিন প্রায় ১৪ থেকে ১৫ লিটার দুধ দিতে সক্ষম। খামারীরা তাদের গরুর জন্য মোট পরিমাণ খাবার পায় বেশ উঁচু দামে। সেজন্য বাংলাদেশে গরুর খামার উৎপাদনের ওপর লাভ খুবই কম। তবুও, দেশে দুধের দাম বেশ চড়া তাই এই দেশে গরুর খামার গড়ের ওপর লাভজনক।<br>সেজন্য, সর্বোপরি, আপনি গরুর খামারকে বাংলাদেশে লাভজনক বলতে পারেন।<br>সভার সভাপতি মহোদয় বলেন যে এই বিষয়ে উপজেলা প্রাণী সম্পদ অফিসারের সাথে কথা বলে বেকার যুবকদের গরুর খামার তৈরীতে প্রশিক্ষণ সহ কোন জাতের গরু পালনে অধিক লাভবান হওয়া যাবে মর্মে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে বিশেষ ভাবে অনুরোধ করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা প্রাণী সম্পদ অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:** কমিটির সভাপতি মহোদয় বলেন যে, উক্ত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন বিষয়ে সদস্য সচিব কার্যকরী উদ্যোগ গ্রহন করা এবং সকল সদস্যকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানান। তাছাড়া বিধি মোতাবেক সভার কার্যবিবরনী সকল সদস্যকে নিয়মিতভাবে পৌছানোর জন্য সদস্য সচিবকে পরামর্শ প্রদান করেন। | নিয়মিত সভা করা ও সভার কার্য বিবরনী সকলের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৪ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করে | - | সভাপতি |

২৯/০১/২৫

( এস, এম ইশফাকুল কবীর)
প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

স্মারক নং-৪৭.৬২.৯৪.৮২.০০০.০৮.০০৬.২১- ৩৬ তারিখ- ২৯.০১.২০২৫ খ্রি

**অনুলিপি( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :**

১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি ।

২৯/০১/২৫
( মোঃ রাকিব হোসেন )
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CamScanner